**জমি / বাড়ি / ফ্ল্যাট**



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা- **হোটেল/রিসোর্ট :**- তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :**- আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 5 OCTOBER 2025 ,SUNDAY | ৫ অক্টোবর ২০২৫ ,রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-409


## চার চাকা গাড়ির সাথে স্কুটির সংঘর্ষে মৃত্যু মহিলা কনস্টেবলের



এই যুগ, শিলিগুড়ি, ৪ অক্টোবর :বাড়ি থেকে স্কুটি চালিয়ে বাগডোগরা থেকে শিলিগুড়িতে কাজে যোগ দিতে যাচ্ছিলেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটে কর্মরত লেডি কনষ্টেবল রুকমিনী লেপচা। বাগডোগরা বিমান বন্দর লাগোয়া ভুজিয়াপানি এলাকায় জাতীয় সড়ক ধরে যাচ্ছিলেন পুলিশ কনষ্টেবল রুকমিনী।সেই সময় উল্টো দিক থেকে আসা একটি চার চাকার ছোট গাড়ির সাথে মুখোমুখি সংঘর্ষ ঘটে স্কুটির। রুকমিনী দেবি স্কুটি সহ ছিটকে পড়েন রাস্তায় ও ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। খবর পেয়ে বাগডোগরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ম্রতিতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায়।জানা গেছে ঘটনার পর থেকে চার চাকা গাড়ির চালক পলাতক। পুলিশ চারচাকা গাড়ি ও স্কুটিটি বাজেয়াপ্ত করে থানায় নিয়ে যায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## বিট অফিস ঘেরাও নিয়ে উত্তেজনা মারাখাতায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : বনদপ্তরের গাড়ির ধাক্কায় এক নাবালকের মৃত্যুকে ঘিরে সরগরম হয়ে উঠলো বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায়ডাক রেঞ্জের মারা খাতা বিট অফিস। শনিবার দুপুর থেকে বিক্ষোভ শুরু হয় চলে বিকেল চারটে পর্যন্ত। গ্রামবাসীদের অভিযোগ গত ২৮ শে সেপ্টেম্বর কুমার গ্রাম ব্লকের লালচাঁদপুর বনবিভাগের মারাখাতা বিট অফিসের একটি গাড়ির সঙ্গে একটি বাইকের ধাক্কা লাগে বাইকের তিনজন নাবালক ছিল। এর মধ্যে ঘটনাস্থলেই মৃত্যু হয় অভয় বর্মন নামে এক নাবালকের। গুরুতর যখন অলক বর্মন ও অর্জুন নার্জিনারী নামে আরো দুই নাবালক। তারা বর্তমানে শয্যা সেই অবস্থায় আছেন। এলাকাবাসীর অভিযোগ বনদপ্তরের গাড়ির সঙ্গে দুর্ঘটনায় এক নাবালকের প্রাণহানি ঘটনা ঘটলেও বনদপ্তরের কোন কর্মকর্তা এখনো এগিয়ে আসেননি। সন্তান হারা পরিবারসহ শয্যাশায়ী নাবালকদের পরিবারকে কোনরকম সহযোগিতা করা হয়নি। আর এর ফলেই এলাকাবাসী আজ বিক্ষোভ দেখান বিট অফিসে। বিট অফিসার মারলিন প্রীতিলতা টোপ্পোর সঙ্গে আলোচনায় বসেন এলাকার বাসিন্দারা। আগামী বুধবার বিষয়টি নিয়ে আবার আলোচনা হবে এমন সিদ্ধান্ত হয়। বক্সা ব্যাঘ্র প্রকল্পের পূর্ব বিভাগের উপর ক্ষেত্র অধিকর্তা দেবাশীষ শর্মা জানিয়েছেন খুবই দুঃখজনক ঘটনা তবে এর সঙ্গে বনদপ্তরের কোন সম্পর্ক নেই।

# পুজো কার্নিভাল আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : আলিপুরদুয়ারে পুজো কার্নিভাল শুরু হয়েছে শনিবার বিকেল চারটা নাগাদ। কার্নিভাল অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী জেলাশাসক আর বিমলা সহ জেলার বিশিষ্ট প্রশাসনিক কর্তা এবং রাজনৈতিক নেতৃত্বরা। যদিও বেলা দুইটা থেকে পুজো কার্নিভাল শুরু হওয়ার কথা ছিল কিন্তু বৃষ্টির দরুন সময় পিছিয়ে গেছে। জেলা শহরের বেশকিছু পূজো কমিটির কর্মকর্তারা এসে পৌঁছেছেন এই পূজো কার্নিভালে যোগ দিতে। দ্বাদশীর বিকেলে পুজো কার্নিভাল উপভোগ করার জন্য উপস্থিত রয়েছেন আলিপুরদুয়ার জেলা শহরের প্রচুর বাসিন্দা। দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যেও প্রচুর লোকের সমাবেশ হয়েছে।


# হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**তারাপীঠ**(হোটেল),**দিঘা**(হোটেল/রিসোর্ট) ,**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান** (হোটেল) ।

বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।

ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# মানসিক ভারসাম্যহীন শিক্ষিতা যুবতীকে বাবা-মায়ের হাতে তুলে দিল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর: এক শিক্ষিতা মানসিক ভারসাম্যহীন যুবতীকে উদ্ধার করে তার পরিবারের হাতে তুলে দিল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন শুক্রবার রাত সাড়ে দশটা নাগাদ কুমারগ্রাম ব্লকের নারার থলি এলাকার ২৭ বছরের এক শিক্ষিতা যুবতী একত্রিশ নম্বর জাতীয় সড়কের হাড়িভাঙ্গা এলাকায় ঘুরতে থাকে একাকী। সে সময় ওসির নজরে পড়ে যুবতী। তৎক্ষণাৎ তাকে শামুকতলা রোড ফাঁড়িতে নিয়ে আসা হয়েছে। দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করে তার নাম জানতে পারে পুলিশ। এর পরেই তার পরিবারের সঙ্গে যোগাযোগ শুরু করে। শনিবার ভোর চারটা নাগাদ খোয়ারডাঙ্গা এলাকায় তার বাবা মায়ের হাতে যুবতীকে তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গেছে যুবতী স্নাতক স্তরে পড়াশোনা করা কালীন মানসিক ভারসাম্যহীন হয়ে পড়ে। তার চিকিৎসা চলছিল। শুক্রবার বিকেলে বাড়ির পাশেই প্রতিমা বিসর্জন দেখতে গিয়েই সে হাড়িভাঙ্গায় চলে আসে।

# গাছের ডাল কাটতে গিয়ে মৃত্যু বৃদ্ধের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : পশ্চিম চেপানি জামালপুর পাড়া এলাকার বাসিন্দা সুবোধ দেবনাথের মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর বাড়িতে নিয়ে আসা হলো শনিবার সন্ধ্যা সাড়ে পাঁচটা নাগাদ। মুষলধারে বৃষ্টির মধ্যে মৃতদেহ নিয়ে আসা হয়েছে। জানা গেছে শুক্রবার বিকেলে গাছের ডাল কাটতে গিয়ে তিনি গুরুতর জখম হলে তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয় চিকিৎসক সেখানে তাকে মৃত বলে ঘোষণা করে। এ পরেই মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে রাখা হয়। শনিবার বিকেল সাড়ে চারটে নাগাদ মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয় মৃতদেহ। এদিকে অস্বাভাবিক মৃত্যুর দরুন শেষবারের মতো তাকে দেখার জন্য পাড়া প্রতিবেশীরা ভিড় জমান তার বাড়িতে।

# মা ভান্ডানি পূজা শুরু হলো আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার : দুর্গা পুজোর রেশ কাটতে না কাটতেই উত্তরবঙ্গের গ্রাম বাংলায় ফের বোধনের সুর। আলিপুরদুয়ার জেলা শহর সংলগ্ন এলাকায় ভান্ডানি পুজো উপলক্ষে মেলা বসেছে । শুক্রবার একদশীর সকাল থেকেই উত্তরবঙ্গের রাজবংশী অধ্যুষিত গ্রাম গুলোতে শুরু হয়েছে মা ভান্ডানী রূপে দেবীর আরাধনা। ডুয়ার্সের আলিপুরদুয়ারের পূর্ব ভোলারডাবড়ী, বাইরাগুড়ি সহ ডুয়ার্সের বেশ কিছু এলাকায় দুর্গা পুজিত হয় মা ভান্ডানী রুপে। মা দুর্গার দশহাত থাকলেও মা ভান্ডানী এখানে চতুর্ভুজা। দেবী দুর্গার অপর রূপ দেবী ভান্ডানীকে উত্তরবঙ্গের বিস্তীর্ন বনাঞ্চলের বনবস্তি বাসীরা পুজো করে “বনদুর্গা রূপে”। উত্তরবঙ্গের বনাঞ্চলেও তাই দেবী দুর্গার বিসর্জনের পর এক উৎসবের শেষে আরেক উৎসব শুরু হয়ে যায়। ভান্ডানী পুজোকে ঘিরে রাজবংশী সমাজে একটি সুন্দর লোককথা রয়েছে।আলিপুরদুয়ার শহর লাগোয়া পূর্ব ভোলার ডাবরি গ্রামে ভান্ডানি পুজা এবার ১৩১ বছরে পড়ল। এলাকার প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এই পুজো হচ্ছে। পুজো উপলক্ষে বসছে মেলা। মানুষদের বিশ্বাস বাপের বাড়ি আরও একদিন অন্যরুপে থাকার অনুমতি পেয়ে ছিলেন মা দুর্গা।

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা- **তারাপীঠ**(হোটেল), **দিঘা**(হোটেল/রিসোর্ট), **পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**,(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে), **খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি), **আন্দামান**(হোটেল) । বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়লো যাত্রী বোঝাই গাড়ি, মৃত পাঁচ, জখম তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কালিম্পং, ৪ অক্টোবর : গ্যাংটকে ফেরার পথে শুক্রবার রাতে দশ নম্বর জাতীয় সড়কের মেল্লি কির্নেতে যাত্রী বোঝাই একটি ছোট গাড়ি নিয়ন্ত্রন হারিয়ে তিস্তায় প্রায় পঞ্চাশ মিটার নীচে খাদে পড়ে যায়। দুর্ঘটনাস্থলেই মৃত্যু হয় পাঁচ জনের,জখম হন তিনজন। স্থানীয়রা দুর্ঘটনা গ্রস্তদের উদ্ধার করেন ও মেল্লি সিকিম হাসপাতালে নিয়ে যান। আহত তিনজনের সেখানেই চিকিৎসা চলছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান কালিম্পং থানার পুলিশ। মৃতদেহ গুলি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠানো হয়। স্থানীয়দের অনুমান রাতের অন্ধকারে বিপরীত দিক থেকে আসা গাড়ির হেড লাইটের তীব্র ঝলকানিতে চোখ ধাঁধিয়ে যায় যাত্রীবাহী ছোট গাড়ির চালকের আর এর ফলেই চালক নিয়ন্ত্রন হারিয়ে গাড়ি নিয়ে খাদে পড়ে যান। মৃতরা হকেন গ্যাংটকের বাসিন্দা গাড়ি চালক কমল সুব্বা (৪৪),বোজোঝাড়ির বাসিন্দা সমীর সুব্বা (২০),জনুকা দোর্জি (৩৫) ও তার স্ত্রী সন্তোষ দোর্জি এবং বোজোঝাড়ির বাসিন্দা নীতা গুরুং (৫৮)। ঘটনার তদন্তে নেমেছে কালিম্পং থানার পুলিশ।

# চারজন যক্ষ্মা রোগীকে পুষ্টিকর খাবার ও ফলমূল দিয়ে সহায়তা পুলিশের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৪ অক্টোবর :কোচবিহার জেলা রুগী কল্যান সমিতির আওতায় চিকিৎসাধীন চার জন যক্ষ্মা রোগীকে পুষ্টিকর খাবার ও ফলমূল দিয়ে সহায়তা করলো কোচবিহার জেলা পুলিশ। জানা গেছে চিকিৎসাধীন এই চার রুগীকে প্রতিমাসেই জেলা পুলিশের পক্ষ থেকে সহায়তা করা হয়। সেই মতো এমাসেও তাদের বাড়ি বাড়ি গিয়ে জেলা পুলিশের কর্মীরা রুগীদের হাতে তুলে দেন পুষ্টিকর খাবার ও ফল মূল। পুলিশের পক্ষ থেকে জানানো হয় এটি পুলিশের সামাজিক কর্মসূচির অঙ্গ।


# হলি ডে হোম বুকিং




**পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন "এই যুগ" অফিসে। ফোন নং : ৯০৬২৮৬৭৯২১ ।**


EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |